# ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেডের আউটসোর্সিং নিয়োগ নীতিমালা- ২০২৩

(সরকারি আউটসোর্সিং (Outsourcing) প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ৩(৯) অনুযায়ী ডেসকোর আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ প্রণয়ন করা হলো)

১। **প্রস্তাবনাঃ** সম্পদের সর্বোচ্চ ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ এবং স্বল্পতম সময়ে মানসম্মত সেবা ক্রয়ের লক্ষ্যে ডেসকোর আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ প্রণয়ন করা হলো।

২। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তনঃ** এ নীতিমালা "ডেসকোর আউটসোর্সিং (Outsourcing) নিয়োগ নীতিমালা-২০২৩" নামে অভিহিত হবে।

৩। **সংজ্ঞাঃ**

**(ক) কোম্পানিঃ** কোম্পানি বলতে ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড-কে বুঝাবে।

**(খ) ডেসকো বোর্ডঃ** ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর পরিচালনা পরিষদ-কে বুঝাবে।

**(গ) সেবা প্রদানকারীঃ** ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ এর আওতায় নিয়োগকৃত পদে কর্মরত সকল পর্যায়ের আউটসোর্সিং সেবা প্রদানকারীকে বুঝাবে।

**(ঘ) কর্তৃপক্ষঃ** ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক-কে বুঝাবে।

**(ঙ) নিয়ন্ত্রণকারী কর্মকর্তাঃ** ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) কে বুঝাবে।

**(চ) বদলি/পদায়নঃ** ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ এর আওতায় সেবাপ্রদানকারীর এক কর্মস্থল/দপ্তর হতে অন্য কর্মস্থল/দপ্তরে পদায়ন/বদলীকে বুঝাবে।

**(ছ) সেবা ক্রয়কারীঃ** ডেসকোকে বুঝাবে।

৪। আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ এর অধীন নিয়োগকৃতদের নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) কর্তৃক অনুমোদনক্রমে বদলি করা যাবে।

৫। নিয়োগ কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের অনুমোদন দিবেন।

৬। চূড়ান্তভাবে বাছাইকৃত প্রার্থীকে ডেসকোর রিটেইনার ডাক্তার কর্তৃক গৃহীত স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৭। নিয়োগ প্রাপ্তির ৬ (ছয়) মাসের মধ্যে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে।

৮। ডেসকো বোর্ড কর্তৃক অনুমোদিত আউটসোর্সিং নিয়োগের শর্তাবলী অনুযায়ী চুক্তিপত্রে স্বাক্ষর করবেন উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন), তবে চুক্তির পূর্বে শর্তসমূহ নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) কর্তৃক অনুমোদিত হতে হবে।

৯। ডেসকোর সাথে সম্পাদিত চুক্তির যে কোনো শর্ত সেবাদানকারী ভঙ্গ করলে তাৎক্ষনিকভাবে সেবাদানকারীকে নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে।

১০। সেবা প্রদানকারী এক মাস পূর্ব নোটিশ দিয়ে চাকুরী হতে অব্যাহতি নিতে পারবেন। তবে যুক্তিসংগত কারণ ব্যতীত এক মাস পূর্ব নোটিশ দিতে ব্যর্থ হলে জামানতের অর্থ ডেসকোর অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১১। ন্যূনতম ২১ দিনের সময় দিয়ে বহুল প্রচলিত ২ টি বাংলা পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করতে হবে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিতে নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করতে হবেঃ

| | |
|---|---|
| • পদের নাম<br>• শিক্ষাগত যোগ্যতা<br>• নিরাপত্তা পরিদর্শকের ক্ষেত্রে বয়সসীমা ১৮ বছর হতে ৫৫ বছর (আবেদনের সময় বয়সসীমা ৪৭ বছর)।<br>• নিরাপত্তারক্ষীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ বছর হতে ৫০ বছর (আবেদনের সময় বয়সসীমা ৩৫ বছর)। | • ওজন ও উচ্চতা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>• অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)<br>• জাতীয়তা<br>• সেবামূল্য<br>• সেবার শর্তাবলী (প্রযোজ্য ক্ষেত্রে)<br>• আবেদন গ্রহণের শেষ তারিখ<br>• নাগরিক সনদ/জাতীয় পরিচয় পত্র<br>• সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। |

১২। **প্রার্থী যাচাই-বাছাইঃ**

১২.১ আবেদন এর সাথে প্রাপ্ত কাগজপত্র প্রাথমিকভাবে যাচাই-বাছাই এর জন্য ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক এক বা একাধিক কমিটি গঠন করা হবে।

১২.২ পদানুযায়ী শারীরিক যোগ্যতা যাচাই/ লিখিত পরীক্ষা/ ব্যবহারিক পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রস্তুত করতে হবে। শারীরিক যোগ্যতা যাচাই/লিখিত পরীক্ষা/ ব্যবহারিক পরীক্ষা অথবা মৌখিক পরীক্ষা এর মধ্যে পদ অনুযায়ী কোন্ পদ্ধতি/পদ্ধতিসমূহ অনুসরণ করা হবে তা ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদিত হতে হবে।

১২.৩ সিলেকশন **কমিটিঃ-**

| | | | |
|---|---|---|---|
| ক) | নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর) | : | সভাপতি |
| খ) | নির্বাহী পরিচালক ১ জন (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| গ) | মহাব্যবস্থাপক (প্রশাসন/অর্থ ও হিসাব)/ প্রধান প্রকৌশলী ১ জন (ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| ঘ) | উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম) | : | সদস্য |
| ঙ) | উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)/তত্ত্বাবধায়ক প্রকৌশলী ১ জন (সভাপতি কর্তৃক মনোনীত) | : | সদস্য |
| চ) | মন্ত্রনালয়ের প্রতিনিধি | : | সদস্য |
| ছ) | ব্যবস্থাপক (পিএম)/ব্যবস্থাপক সংশ্লিষ্ট দপ্তর ১ জন | : | সদস্য সচিব |

১৩। ডেসকো বোর্ড কর্তৃক অনুমোদিত "আউটসোর্সিং শর্তাবলী" এই নিয়োগের ক্ষেত্রে প্রয়োজ্য হবে।

১৪। ডেসকো আউটসোর্সিং নিয়োগ নীতিমালা-২০২৩ ডেসকো বোর্ড কর্তৃক অনুমোদনের তারিখ হতে কার্যকর হবে।